দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. 1 4 1999 ..
পৃষ্ঠা ৫ কলাম 2 ..



দিনাজপুর ঃ দিনাজপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে দিনাজপুরে আলোর দিশারী কার্যক্রম উদ্বোধনী র‍্যালি। র‍্যালির শুরুতে বক্তব্য রাখেন জেলা প্রশাসক আজিজুর রহমান– ইনকিলাব

# দিনাজপুর জেলাকে নিরক্ষরমুক্ত করতে 'আলোর দিশারী'র কর্মসূচী শুরু

**দিনাজপুর অফিস ঃ** নিরক্ষরদের আক্ষরিক জ্ঞানদানের মাধ্যমে উত্তর জনপদের শেষ জেলা দিনাজপুরকে নিরক্ষরমুক্ত করতে আলোর দিশারী যাত্রা শুরু করেছে। প্রায় ৮ কোটি টাকা ব্যয়ে জেলা প্রশাসনের সহায়তায় জেলার ১১ বছর থেকে ৪৫ বছর বয়সী সকল নিরক্ষরকে অক্ষরদানের পাশাপাশি প্রাথমিক চিকিৎসা পরিক্রমে স্বাবলম্বী হবার দীক্ষাদানের কর্মসূচী ইতোমধ্যেই শুরু হয়েছে।

কর্মসূচীর সাথে সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, সরকারীভাবে দেশের ২৬টি জেলাকে এই কর্মসূচীর আওতায় আনা হলেও প্রতিটি জেলার কর্মসূচীর একটি নামকরণ করা হয়ে থাকে। এলাকার সাথে সামঞ্জস্য রেখে দিনাজপুরের জেলা প্রশাসক আজিজুর রহমান এই জেলার কর্মসূচীর নামকরণ করেন আলোর দিশারী। জেলা প্রশাসকের নির্দেশনায় ডিজাইনার সাইদুর রহমান সুন্দর একটি লগো তৈরী করেন। প্রাথমিকভাবে জেলার ১৩টি থানার মধ্যে ৪টি থানা ও ২টি পৌর এলাকায় এই কার্যক্রম শুরু করা হয়েছে। কার্যক্রমটি বাস্তবায়নে মুখ্য ভূমিকা পালনকারী জেলার অতিঃ জেলা প্রশাসক (শিক্ষা) খন্দকার ইফতেখার হায়দার জানান, উদ্যোগ এবং অর্থ যোগানে সরকারের সম্পৃক্ততা থাকলেও পুরো কর্মসূচীটি বাস্তবায়িত হচ্ছে সকল স্তরের মানুষের সম্পৃক্ততায়। স্থানীয়ভাবে গঠিত একটি কমিটির মাধ্যমে সকল কার্যক্রম বাস্তবায়ন হবে। ইতোমধ্যেই জেলার নিরক্ষর জনগোষ্ঠীকে চিহ্নিত করা হয়েছে। গ্রামের স্কুল, ইউনিয়ন পরিষদ কার্যালয়সহ সুবিধাজনক স্থানে সন্ধ্যার পর শিক্ষাদান কার্যক্রম চলবে। ফলে দিনের কাজ শেষে অনায়াসে শিক্ষাগ্রহণ করতে পারবে অবহেলিত নিরক্ষর পুরুষ ও মহিলারা। শিক্ষাদান করবেন নির্বাচিত শিক্ষকরা। এই কর্মসূচীর আরও একটি দিক হল শুধু সাক্ষর জ্ঞানই নয়, প্রাথমিক চিকিৎসা, হাঁস-মুরগী প্রতিপালনসহ স্বাবলম্বী হবার মত জ্ঞানদান করা হবে। কর্মসূচীর শুরুতেই গ্রামে নিরক্ষর মানুষের মধ্যে ব্যাপক আগ্রহের সৃষ্টি হয়েছে।